‘ছেলে হোক, মেয়ে হোক,
দু’টি সন্তানই যথেষ্ট’

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
প্রশাসন ইউনিট
৬ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.dgfp.gov.bd

নং- ৫৯.১১.০০০০.১৫৫.২৩.০০২.২৩- ২৫৭৭

তারিখ: ১২ শ্রাবণ ১৪৩০
২৭ জুলাই ২০২৩

বিষয়- ‘স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০২৩’ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | - জনাব সাহান আরা বানু, এনডিসি, মহাপরিচালক (গ্রেড-১), পরিবার পরিকল্পনা অধিদপ্তর |
| তারিখ ও সময় | - ২৭.০৭.২০২৩, সকাল ৯.৩০ মিনিট |
| স্থান | - সভাকক্ষ, ৬ষ্ঠ তলা, পরিবার পরিকল্পনা অধিদপ্তর |
| উপস্থিতি | - পরিশিষ্ট ‘ক’ |

সভার প্রারম্ভে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করেন। অত:পর সভায় উপস্থিত ও ভার্চুয়ালী যুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। স্বাস্থ্যবিধি মেনে ১৫ আগস্ট ২০২৩ তারিখ যথাযোগ্য মর্যাদায় ‘স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০২৩’ পালনের লক্ষ্যে সভাপতি প্রাসঙ্গিক বিষয়ে আলোকপাত করেন। তিনি আলোচ্যসূচি অনুযায়ী তথ্য উপস্থাপনের জন্য অতিরিক্ত সচিব ও পরিচালক (প্রশাসন) এ. এইচ. এম. লোকমান-কে অনুরোধ করেন। সভাপতির আহবানে পরিচালক (প্রশাসন) কর্তৃক উপস্থাপিত তথ্যাদির ওপর সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে পরিবার পরিকল্পনা অধিদপ্তর এবং অধিদপ্তরাধীন মাঠ পর্যায়ের সকল প্রতিষ্ঠান কর্তৃক ‘স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০২৩’ যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত কর্মসূচি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়:-

আলোচনা ও সিদ্ধান্ত:

| ক্রম. | কর্মসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১. | আগামী ১৫ আগস্ট ২০২৩ সূর্যোদয়ের সাথে সাথে পরিবার পরিকল্পনা অধিদপ্তর, আওতাধীন সকল প্রতিষ্ঠান এবং বিভাগ, জেলা ও উপজেলা কার্যালয়সমূহে জাতীয় পতাকা বিধি মোতাবেক অর্ধনমিত রাখা | আগামী ১৫ আগস্ট ২০২৩ তারিখ সূর্যোদয়ের সাথে সাথে পরিবার পরিকল্পনা অধিদপ্তর, আওতাধীন সকল প্রতিষ্ঠান এবং বিভাগ, জেলা ও উপজেলা কার্যালয়সমূহে People`s Republic of Bangladesh Flah Rules, 1972 অনুসরণপূর্বক সঠিক রং, মান ও মাপের জাতীয় পতাকা অর্ধনমিত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (প্রশাসন)/ সহকারী পরিচালক (কমন সার্ভিস) এবং স্ব স্ব প্রতিষ্ঠান/ পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ের কার্যালয় প্রধান |

| | | | |
|---|---|---|---|
| ২. | ক. পরিবার পরিকল্পনা অধিদপ্তর ভবনে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ এবং দোয়া ও মোনাজাত আয়োজন<br><br>খ. স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহের পক্ষে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ব্যানারে ১৫ আগস্ট ২০২৩ ধানমন্ডির ৩২নং সড়কে বঙ্গবন্ধু জাদুঘরের সামনে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ<br><br>গ. গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে পুষ্পস্তবক অর্পণ | ক) পরিবার পরিকল্পনা অধিদপ্তরের কর্মকর্তাদের উপস্থিতিতে স্বাস্থ্যবিধি মেনে সীমিত আকারে ১৫ আগস্ট ২০২৩ তারিখ সুবিধাজনক সময়ে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা এবং দোয়া ও মোনাজাত আয়োজন করা হবে;<br><br>খ) প্রশাসনিক মন্ত্রণালয়ের নির্দেশনানুসারে বাস্তবায়নযোগ্য।<br><br>গ) ১৫ আগস্ট ২০২৩ তারিখ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের পক্ষে বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), ঢাকা এর নেতৃত্বে সিভিল সার্জন, গোপালগঞ্জ এর সমন্বয়ে গোপালগঞ্জস্থ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহের কর্মকর্তাগণ গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে পুষ্পস্তবক অর্পণ করবেন। | মহাপরিচালক (গ্রেড-১); পরিচালক (প্রশাসন); পতাকা উত্তোলন ও পুষ্পস্তবক অর্পণ উপ-কমিটি<br><br>বিভাগীয় পরিচলক , পরিবার পরিকল্পনা (ঢাকা) এবং উপরিচালক পরিবার পরিকল্পনা, গোপালগঞ্জ |
| ৩. | পরিবার পরিকল্পনা অধিদপ্তর, অধিদপ্তরাধীন বিভিন্ন প্রতিষ্ঠান এবং বিভাগ, জেলা ও উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ে পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য এবং কিশোর-কিশোরী স্বাস্থ্য পরিচর্যা সম্পর্কিত বঙ্গবন্ধুর বাণী ও ছবি সম্বলিত লিফলেট, পোস্টার ও ব্যানার প্রদর্শনের এবং এলইডি বোর্ডে ও এভিভ্যান এর মাধ্যমে সারাদেশে বঙ্গবন্ধুর জীবনী ও কর্মের ওপর তৈরীকৃত ডকুমেন্টারি প্রচারের ব্যবস্থা গ্রহণ | পরিবার পরিকল্পনা অধিদপ্তর, অধিদপ্তরাধীন বিভিন্ন প্রতিষ্ঠান এবং বিভাগ, জেলা ও উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ে পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য এবং কিশোর-কিশোরী স্বাস্থ্য পরিচর্যা সম্পর্কিত বঙ্গবন্ধুর বাণী ও ছবি সম্বলিত লিফলেট, পোস্টার ও ব্যানার প্রদর্শন এবং 'জাতীয় শোক দিবস ২০২৩' পালন বাস্তবায়ন কমিটির অনুমোদন সাপেক্ষে এলইডি বোর্ডে ও এভিভ্যান এর মাধ্যমে সারাদেশে বঙ্গবন্ধুর জীবনী ও কর্মের ওপর তৈরীকৃত ডকুমেন্টারি প্রচারের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে পরিচালক (আইইএম) কর্তৃক প্রশাসনিক মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক নমুনা প্রেরণ করতে হবে। | পরিচালক (প্রশাসন); পরিচালক (আইইএম)/ সহকারী পরিচালক (কমন সার্ভিস) এবং স্ব স্ব প্রতিষ্ঠান/ পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ের কার্যালয় প্রধান |

| | | | |
|---|---|---|---|
| ৪. | ক. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন এবং ১৫ আগস্ট ১৯৭৫-এ তিনি ও তাঁর সাথে শহীদ পরিবারের সদস্যসহ সকলের বিদেহী আত্মার শান্তি ও মাগফেরাত কামনা করে কোরআন খতম, দোয়া ও মোনাজাত আয়োজন<br><br>খ. 'জাতীয় শোক দিবস ২০২৩' পালন উপলক্ষ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত আলোচনা সভায় অংশগ্রহণ | ক. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ শাহাদত বরণকারী তাঁর পরিবারের সদস্যসহ সকল শহীদের বিদেহী আত্মার শান্তি ও মাগফেরাত কামনা করে স্বাস্থ্যবিধি মেনে আগামী ১৫ আগস্ট ২০২৩ কোরআন খতম এবং পরিবার পরিকল্পনা অধিদপ্তর এবং আওতাধীন সকল প্রতিষ্ঠান ও কার্যালয়ের মসজিদে বাদ যোহর দোয়া ও মোনাজাত আয়োজন করা হবে।<br><br>খ. প্রশাসনিক মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক আলোচনা সভায় অংশগ্রহণ করা হবে। | মহাপরিচালক (গ্রেড-১); পরিবার পরিকল্পনা অধিদপ্তর; পরিচালক (প্রশাসন) সহকারী পরিচালক (কমন সার্ভিস) এবং স্ব স্ব প্রতিষ্ঠান/ পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ের কার্যালয় প্রধান |
| ৫. | জাতীয় দৈনিক পত্রিকায় শোকবার্তা প্রকাশ | স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০২৩ পালন উপলক্ষ্যে কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে ১৫ আগস্ট, ২০২৩ তারিখে বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় শোকবার্তা প্রকাশ করা হবে। | প্রচার উপ-কমিটি |
| ৬. | জাতীয় শোক দিবসে মাঠ পর্যায়ে স্থানীয় প্রশাসন কর্তৃক গৃহীত সরকারি সকল কর্মসূচিতে পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন সকল বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীগণের অংশগ্রহণ | জাতীয় শোক দিবস ২০২৩ পালন উপলক্ষ্যে সকল বিভাগ, জেলা, উপজেলা প্রশাসন কর্তৃক স্থানীয়ভাবে আয়োজিতব্য সকল সরকারি অনুষ্ঠানে পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা-কর্মচারীকে আবশ্যিকভাবে অংশগ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) এবং পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ের অফিস প্রধান |
| ৭. | ইউনিয়ন, উপজেলা, জেলা, বিভাগ ও জাতীয় পর্যায়ে সেবা কেন্দ্রের বর্হিবিভাগ সেবা কার্যক্রম চালু রাখাসহ বিশেষ সেবা আয়োজন | জাতীয় শোক দিবস ২০২৩ পালন উপলক্ষ্যে ইউনিয়ন, উপজেলা, জেলা, বিভাগ ও জাতীয় পর্যায়ে সেবা কেন্দ্রের বর্হিবিভাগ সেবা কার্যক্রম চালু রাখাসহ বিশেষ সেবা আয়োজন করতে হবে। | পরিচালক (এমসিএইচ-সার্ভিসেস) এবং পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ের অফিস প্রধান |
| ৮. | পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন ঢাকাস্থ ৩টি হাসপাতালে ভর্তিকৃত রোগীদের মাঝে উন্নতমানের খাবার পরিবেশন | পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন ঢাকাস্থ মোহাম্মদপুর ফার্টিলিটি সার্ভিসেস এণ্ড ট্রেনিং সেন্টার, মাতৃসদন ও শিশু স্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান, আজিমপুর/লালকুঠিতে ভর্তিকৃত রোগীদের মাঝে উন্নতমানের খাবার পরিবেশন করতে হবে। | পরিচালক, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান |

| | | | |
|---|---|---|---|
| ৯. | বঙ্গবন্ধুর জীবনী ও কর্মের ওপর রচনা প্রতিযোগিতার আয়োজন | বিভাগ ও জেলা পর্যায়ে পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন মাঠ পর্যায়ের কর্মচারীগণের (FWA, FWV, FPI) অংশগ্রহণে বঙ্গবন্ধুর জীবনী ও কর্মের ওপর রচনা প্রতিযোগিতার আয়োজন করতে হবে। রচনা প্রতিযোগিতায় ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীদের বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক গ্রন্থ উপহার হিসাবে প্রদানের ব্যবস্থা করতে হবে । | বিভাগীয় পরিচলক , পরিবার পরিকল্পনা (সকল) এবং উপরিচালক পরিবার পরিকল্পনা, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় (সকল) |
| ১০. | কালো ব্যাচ ধারণ | জাতীয় শোক দিবস ২০২৩ পালন উপলক্ষ্যে পরিবার পরিকল্পনা অধিদপ্তর, আওতাধীন সকল প্রতিষ্ঠান এবং বিভাগ, জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের কার্যালয় ও সেবাকেন্দ্রসমূহে কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারী ০১ আগস্ট ২০২৩ হতে কালো ব্যাচ ধারণ করবেন। | পরিচালক (প্রশাসন) পরিচালক (আইইএম) এবং স্ব স্ব প্রতিষ্ঠান/ পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ের কার্যালয় প্রধান |

২। যথাযথ প্রস্তুতি গ্রহণের লক্ষ্যে প্রাথমিকভাবে গৃহীত সকল কর্মসূচির সফল বাস্তবায়নের জন্য পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন কর্মকর্তাদের সমন্বয়ে বিভিন্ন কমিটি ও উপ-কমিটি (পরিশিষ্ট 'খ') গঠন করা হলো।

৩। স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ হতে প্রাপ্ত কর্মসূচির আলোকে আগস্ট, ২০২৩ মাসের প্রথম সপ্তাহে চূড়ান্ত প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হবে।

আগামী ১৫ আগস্ট 'স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০২৩' পালনের সকল কর্মসূচি যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্য পরিবেশে পালনের আহ্বান ও ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭.৭.২৩

(সাহান আরা বানু, এনডিসি)
মহাপরিচালক (গ্রেড-১)

নং- ৫৯.১১.০০০০.১৫৫.২৩.০০২.২৩- ২৫৭৭(১২০০) তারিখ: ১২ শ্রাবণ ১৪৩০ / ২৭ জুলাই ২০২৩

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. পরিচালক/লাইন ডাইরেক্টর (সকল)................................................, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
৪. পরিচালক, পরিবার পরিকল্পনা............................................... বিভাগ (সকল)।
৫. পরিচালক, এমএফএসটিসি/এমসিএইচটিআই, মোহাম্মদপুর/আজিমপুর/লালকুঠি, ঢাকা।
৬. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. অতিরিক্ত পরিচালক (ড্রাগস এন্ড ষ্টোরস), কেন্দ্রীয় পণ্যাগার, মহাখালী, ঢাকা ।
৯. উপপরিচালক (সকল), পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
১০. উপপরিচালক, পরিবার পরিকল্পনা, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় (সকল)।
১১. প্রোগ্রাম ম্যানেজার (এমআইএস), এমআইএস ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর (পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২. সহকারী পরিচালক (সকল), পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
১৩. অধ্যক্ষ, এফডব্লিউটিআই, আজিমপুর ঢাকা।
১৪. নির্বাহী প্রকৌশলী, এইচইডি, ঢাকা বিভাগ, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।
১৫. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি),..............................(সকল)।
১৬. মেডিকেল অফিসার (ক্লিনিক), মা ও শিশু কল্যাণ কেন্দ্র, ..............................................(সকল)।
১৭. জনাব ......................................................................................................................................
১৮. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
১৯. পরিচালক (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
২০. অফিস কপি।

২৭.০৭.২০২৩

(এ. এইচ. এম. লোকমান)
অতিরিক্ত সচিব
ও
পরিচালক (প্রশাসন)
ফোন: ৫৫০১২৩৪২
ইমেইল: diradmin@dgfp.gov.bd

পরিশিষ্ট-খ

'স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৮তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০২৩' যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক গঠিত বাস্তবায়ন কমিটি ও উপ-কমিটিসমূহঃ-

১. 'জাতীয় শোক দিবস-২০২৩' পালন বাস্তবায়ন কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

| ক্রম. | নাম, পদবি ও কর্মস্থল | পদবি |
|---|---|---|
| ১. | জনাব সাহান আরা বানু, এনডিসি, মহাপরিচালক (গ্রেড-১), পরিবার পরিকল্পনা অধিদপ্তর | আহবায়ক |
| ২. | জনাব মোঃ মাহবুব আলম, যুগ্মসচিব ও পরিচালক, পরিবার পরিকল্পনা, ঢাকা বিভাগ | সদস্য |
| ৩. | জনাব মর্জিয়া হক, পরিচালক, (উপকরণ ও সরবরাহ), উপকরণ ও সরবরাহ ইউনিট | সদস্য |
| ৪. | ডাঃ মোঃ মাহমুদুর রহমান, পরিচালক (এমসিএইচ-সার্ভিসেস), এমসিএইচ-সার্ভিসেস ইউনিট | সদস্য |
| ৫. | জনাব মোঃ হুমায়ুন কবির তালুকদার, পরিচালক (নিরীক্ষা), নিরীক্ষা ইউনিট | সদস্য |
| ৬. | জনাব মোঃ মতিউর রহমান, পরিচালক (পরিকল্পনা), পরিকল্পনা ইউনিট | সদস্য |
| ৭. | জনাব সাবিনা পারভীন, পরিচালক (এমআইএস), এমআইএস ইউনিট | সদস্য |
| ৮. | জনাব আব্দুল লতিফ মোল্লা, পরিচালক (আইইএম), আইইএম ইউনিট | সদস্য |
| ৯. | জনাব মোঃ সোহেল পারভেজ, পরিচালক (অর্থ), অর্থ ইউনিট | সদস্য |
| ১০. | ডাঃ নূরুন নাহার বেগম, লাইন ডাইরেক্টর, সিসিএসডিপি | সদস্য |
| ১১. | ডাঃ নাহিদা নাজনীন, পরিচালক, এমসিএইচটিআই, আজিমপুর, ঢাকা | সদস্য |
| ১২. | ডাঃ মোঃ মুনীরুজ্জামান সিদ্দীকী, পরিচালক, এমএফএসটিসি, মোহাম্মদপুর, ঢাকা | সদস্য |
| ১৩. | ডাঃ রতন কুমার আগরওয়ালা, পরিচালক, এমসিএইচটিআই, লালকুঠি, ঢাকা | সদস্য |
| ১৪. | জনাব আসমা হাসান, উপপরিচালক (পিএম), আইইএম ইউনিট | সদস্য |
| ১৫. | ডাঃ সৈয়দা সামিয়ানাজ, অধ্যক্ষ, এফডব্লিউটিআই, ঢাকা | সদস্য |
| ১৬. | জনাব এ. এইচ. এম. লোকমান, অতিরিক্ত সচিব ও পরিচালক (প্রশাসন), প্রশাসন ইউনিট | সদস্য সচিব |

কার্যপরিধিঃ-

- বাস্তবায়ন কমিটি 'স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৮তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০২৩' পালন উপলক্ষ্যে গৃহীত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য গঠিত উপ-কমিটিসমূহের কার্যক্রম তদারকি, পরামর্শ ও সহযোগিতা প্রদান। সদস্য সচিব মহাপরিচালকের পক্ষে সমন্বয়ক হিসেবে দায়িত্ব পালন করবেন।

২. কোরআন খতম, মিলাদ মাহফিল ও দোয়া পরিচালনা উপ-কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

| ক্রম. | নাম, পদবি ও কর্মস্থল | পদবি |
|---|---|---|
| ১. | ডা. মোঃ মাহমুদুর রহমান,পরিচালক, (এমসিএইচ-সার্ভিসেস), এমসিএইচ-সার্ভিসেস ইউনিট | আহবায়ক |
| ২. | জনাব মোঃ আব্দুল বাতেন, অতিরিক্ত পরিচালক (ড্রাগস এন্ড স্টোরস), কেন্দ্রীয় পণ্যাগার | সদস্য |
| ৩. | জনাব মোঃ রফিকুল ইসলাম, সহকারী পরিচালক (সমন্বয়), মহাপরিচালকের দপ্তর | সদস্য |
| ৪. | ডা. মোঃ রফিকুল ইসলাম তালুকদার, সহকারী পরিচালক, সিসিএসডিপি | সদস্য |
| ৫. | জনাব মোঃ আবুল কালাম আজাদ, লজিস্টিক মনিটরিং অফিসার এবং ডিপিএম, এমআইএস ইউনিট | সদস্য |
| ৬. | জনাব মোঃ আবুল কালাম আজাদ, হিসাব রক্ষণ কর্মকর্তা , নিরীক্ষা ইউনিট | সদস্য |
| ৭. | জনাব মোহাম্মদ রোকন উদ্দীন, সহকারী পরিচালক, (ডিডিও) এবং ভারপ্রাপ্ত উপপরিচালক (হিসাব), অর্থ ইউনিট | সদস্য সচিব |

কার্যপরিধি:-

- 'জাতীয় শোক দিবস ২০২৩' পালন উপলক্ষ্যে স্বাস্থ্যবিধি মেনে কোরআন খতমের আয়োজন এবং দোয়া ও মোনাজাত পরিচালনার জন্য ইমাম নির্বাচন এবং আহবায়ক, বাস্তবায়ন কমিটি'র পরামর্শ ও নির্দেশনা মোতাবেক অন্যান্য দায়িত্ব পালন।

৩. পতাকা উত্তোলন উপ-কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

| ক্রম. | নাম, পদবি ও কর্মস্থল | পদবি |
|---|---|---|
| ১. | জনাব মোঃ হুমায়ুন কবির তালুকদার, পরিচালক (নিরীক্ষা), নিরীক্ষা ইউনিট | আহবায়ক |
| ২. | জনাব মোঃ ইফতেখার রহমান, উপপরিচালক (এমপি), আইইএম ইউনিট | সদস্য |
| ৩. | জনাব মেহবুব মোর্শেদ, পিএম, এমআইএস ইউনিট | সদস্য |
| ৪. | ডা. আ.ন.ম. মোস্তফা কামাল, সহকারী পরিচালক (এমসিএইচ), এমসিএইচ সার্ভিসেস ইউনিট | সদস্য |
| ৫. | জনাব মোহাম্মদ ফখরুল আলম, সহকারী পরিচালক (কমন সার্ভিস), প্রশাসন ইউনিট | সদস্য সচিব |

কার্যপরিধি:-

- পতাকা স্ট্যান্ড চতুর্পার্শ্বসহ পরিচ্ছন্নকরণ ও সজ্জিতকরণ;
- পতাকা বিধিমালা, ১৯৭২ অনুযায়ী জাতীয় পতাকা অর্ধনমিত রাখার কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন।

৪. পুষ্পস্তবক অর্পণ উপ-কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

| ক্রম. | নাম, পদবি ও কর্মস্থল | পদবি |
|---|---|---|
| ১. | ডা. নূরুন নাহার বেগম, লাইন ডাইরেক্টর, সিসিএসডিপি | আহবায়ক |
| ২. | ডা. ফরিদ উদ্দিন আহমদ, ডিডি (সার্ভিসেস) এবং পিএম (নিউবর্ন এন্ড চাইল্ড হেলথ), এমসিএইচ সার্ভিসেস ইউনিট | সদস্য |
| ৩. | জনাব আসমা হাসান, উপপরিচালক (পিএম), আইইএম ইউনিট | সদস্য |
| ৪. | জনাব মেহবুব মোর্শেদ, প্রোগ্রাম ম্যানেজার, এমআইএস ইউনিট | সদস |
| ৫. | জনাব মোহাম্মদ রোকন উদ্দীন, সহকারী পরিচালক (ডিডিও), অর্থ ইউনিট | সদস্য |
| ৬. | জনাব সায়মা রেজা, সহকারী পরিচালক (পেনশন), প্রশাসন ইউনিট | সদস্য |
| ৭. | ডা. মোঃ রফিকুল ইসলাম তালুকদার, সহকারী পরিচালক, সিসিএসডিপি | সদস্য সচিব |

কার্যপরিধি:

- ১৫ আগস্ট ২০২৩ তারিখ পরিবার পরিকল্পনা অধিদপ্তর ভবনে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের যাবতীয় কার্যক্রম গ্রহণ;
- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের জন্য বেদী প্রস্তুতকরণ ও সজ্জিতকরণ;
- প্রয়োজনীয় সংখ্যক আনসার মোতায়েন।

৫. প্রচার উপ-কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

| ক্রম. | নাম, পদবি ও কর্মস্থল | পদবি |
|---|---|---|
| ১. | জনাব আব্দুল লতিফ মোল্লা, পরিচালক (আইইএম), আইইএম ইউনিট | আহবায়ক |
| ২. | জনাব জাকিয়া আখতার, উপপরিচালক (নিরীক্ষা), নিরীক্ষা ইউনিট | সদস্য |
| ৩. | ডা. পীযুষ চন্দ্র সূত্রধর, প্রোগ্রাম ম্যানেজার, এফএসডিপি-এফপি | সদস্য |
| ৪. | ডা. মোঃ রফিকুল ইসলাম তালুকদার, সহকারী পরিচালক, সিসিএসডিপি | সদস্য |
| ৫. | জনাব শাহানাজ পারভীন, উপপরিচালক (লিভ রিজার্ভ), আইইএম ইউনিট | সদস্য |
| ৬. | জনাব আফরোজা আক্তার, সহকারী পরিচালক ও ডিপিএম, প্রশাসন ইউনিট | সদস্য |
| ৭. | জনাব ইসরাত জাবীন, সহকারী পরিচালক (পিএম), আইইএম ইউনিট | সদস্য |
| ৮. | জনাব ফারহানা রহমান, সহকারী পরিচালক (পার-৩), প্রশাসন ইউনিট | সদস্য |
| ৯. | জনাব হালিমা খাতুন, সহকারী পরিচালক (ধর্ম), আইইএম ইউনিট | সদস্য |
| ১০. | ডা. মোঃ মনজুর হোসেন, প্রোগ্রাম ম্যানেজার (এএন্ডআরএইচ), এমসিএইচ সার্ভিসেস ইউনিট | সদস্য |
| ১১. | জনাব আসমা হাসান, উপপরিচালক (পিএম), আইইএম ইউনিট | সদস্য সচিব |

কার্যপরিধি:-

- 'জাতীয় শোক দিবস ২০২৩' উপলক্ষে ব্যানার ডিজাইন,অনুমোদন গ্রহণ ও প্রিন্ট করা;
- নির্ধারিত সংখ্যক বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় শোকবার্তা প্রকাশের ব্যবস্থা করা। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে শোকবার্তা প্রস্তুত ও জাতীয় দৈনিক পত্রিকা নির্বাচন করা;
- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের জন্য পুষ্পস্তবক তৈরী, কালো ব্যাজ প্রস্তুত, মহাপরিচালকের দপ্তরের সামনে 'জাতীয় শোক দিবস ২০২৩' এর অনুমোদিত ব্যানার প্রতিস্থাপন এবং পরিবার পরিকল্পনা অধিদপ্তর ভবনের জন্য ডিজিটাল ডিসপ্লে বোর্ড স্থাপন এবং ড্রপডাউন ব্যানার মুদ্রণ ও ব্যবহারের ব্যবস্থা গ্রহণ করা;

৬. অর্থ উপ-কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

| ক্রম. | নাম, পদবি ও কর্মস্থল | পদবি |
|---|---|---|
| ১. | জনাব মোঃ সোহেল পারভেজ, পরিচালক (অর্থ), অর্থ ইউনিট | আহবায়ক |
| ২. | জনাব মোহাম্মদ জসিম উদ্দিন ভূঁইয়া, উপপরিচালক, (স্থানীয় সংগ্রহ), উপকরণ ও সরবরাহ ইউনিট | সদস্য |
| ৩. | জনাব মোহাম্মদ ফখরুল আলম, সহকারী পরিচালক (কমন সার্ভিস), প্রশাসন ইউনিট | সদস্য |
| ৪. | জনাব সিরাজুল ইসলাম, সহকারী পরিচালক (পার-২), প্রশাসন ইউনিট | সদস্য |
| ৫. | ডাঃ মোঃ মনজুর হোসেন, প্রোগ্রাম ম্যানেজার (এ এন্ড আরএইচ), এমসিএইচ সার্ভিসেস ইউনিট | সদস্য |
| ৬. | জনাব মোহাম্মদ রোকন উদ্দীন, সহকারী পরিচালক, (ডিডিও) এবং ভারপ্রাপ্ত উপপরিচালক (হিসাব), অর্থ ইউনিট | সদস্য সচিব |

কার্যপরিধি:-

- 'জাতীয় শোক দিবস ২০২৩' পালনের জন্য গঠিত সকল উপ-কমিটির যৌক্তিক চাহিদা অনুযায়ী অর্থের সংস্থান, অর্থ ব্যয় তদারকি এবং বিল প্রস্তুত ও দাখিলের ব্যবস্থা গ্রহণ করা।

৭. পরিষ্কার পরিচ্ছন্নতা উপ-কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

| ক্রম. | নাম, পদবি ও কর্মস্থল | পদবি |
|---|---|---|
| ১. | জনাব জালাল উদ্দিন আহমেদ, উপপরিচালক (পার্সোনেল), প্রশাসন ইউনিট | আহবায়ক |
| ২. | জনাব আফরোজা আক্তার, সহকারী পরিচালক ও ডিপিএম, প্রশাসন ইউনিট | সদস্য |
| ৩. | জনাব মোহাম্মদ ফখরুল আলম, সহকারী পরিচালক (কমন সার্ভিস), প্রশাসন ইউনিট | সদস্য সচিব |

কার্যপরিধি:-

- ভবনের ভেতর, লিফট, প্রবেশ পথ, বাহির আঙ্গিনা পরিষ্কার পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা করা;
- হলরুম, বঙ্গবন্ধুর মুর্‍্যাল রং ও পলিশ, পিতলের টব রং/নিকিল এবং বেদী পরিষ্কার পরিচ্ছন্ন করা;
- জীবানুনাশক স্প্রে করা।

৮. মাঠ পর্যায়ে 'জাতীয় শোক দিবস-২০২৩' পালন মনিটরিং উপ-কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

| ক্রম. | নাম, পদবি ও কর্মস্থল | পদবি |
|---|---|---|
| ১. | জনাব মর্জিয়া হক, পরিচালক, (উপকরণ ও সরবরাহ), উপকরণ ও সরবরাহ ইউনিট | আহবায়ক |
| ২. | জনাব মোঃ তসলিম উদ্দিন খান, উপপরিচালক, উপকরণ ও সরবরাহ ইউনিট | সদস্য |
| ৩. | জনাব শাহানাজ পারভীন, উপপরিচালক (লিভ রিজার্ভ), আইইএম ইউনিট | সদস্য |
| ৪. | জনাব মেহবুব মোর্শেদ, প্রোগ্রাম ম্যানেজার, এমআইএস ইউনিট | সদস্য |
| ৫. | জনাব মোঃ আবুল কাশেম, সহকারী প্রধান, পরিকল্পনা ইউনিট | সদস্য |
| ৬. | ডা. পীযুষ চন্দ্র সূত্রধর, প্রোগ্রাম ম্যানেজার, এফএসডিপি-এফপি | সদস্য |
| ৭. | ডা. মোঃ আলী জুলকাওছার, উপপরিচালক (সিএস) এবং পিএম (এসডি), সিসিএসডিপি | সদস্য |
| ৮. | ডা. মোঃ রফিকুল ইসলাম তালুকদার, সহকারী পরিচালক (কো:এ্যা:) এবং ডিপিএম (কো:এ্যা:), সিসিএসডিপি | সদস্য |
| ৯. | জনাব আফরোজা আক্তার, সহকারী পরিচালক ও ডিপিএম, প্রশাসন ইউনিট | সদস্য |
| ১০. | মীর মাসুদ রহমান, গবেষণা কর্মকর্তা ও ডিপিএম, পরিকল্পনা ইউনিট | সদস্য |
| ১১. | জনাব আবু নছর মোঃ কদর উদ্দিন, উপপরিচালক (লিভ রিজার্ভ), প্রশাসন ইউনিট | সদস্য সচিব |

কার্যপরিধি:

- 'স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০২৩' পালন সংক্রান্ত মন্ত্রণালয়ের পত্রাদি সংগ্রহ এবং তাৎক্ষণিকভাবে বাস্তবায়ন কমিটিকে অবহিত করা;
- 'স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০২৩' পালন সংক্রান্ত মাঠ পর্যায়ের কার্যক্রম তদারকির নিমিত্ত ৮ জন কর্মকর্তাকে ৮টি বিভাগের দায়িত্ব প্রদান এবং মাঠ কার্যক্রমের তথ্যাদি সংগ্রহ এবং বাস্তবায়ন কমিটিকে অবহিত করা;
- 'স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০২৩' পালন শেষে চূড়ান্ত প্রতিবেদন প্রনয়ণ এবং বাস্তবায়ন কমিটির নিকট দাখিল।
- জেলা/উপজেলা পর্যায়ে গৃহীত কর্মসূচি মনিটরিং।

সকল উপ-কমিটির জন্য প্রযোজ্যঃ

উপ-কমিটি সমূহের আহ্বায়কগণ নিজ নিজ উপ-কমিটির কার্যক্রম নিয়মিত বাস্তবায়ন কমিটিকে অবহিত করবেন। প্রয়োজনে উপ-কমিটিতে সদস্য কোঅপ্ট করা যাবে। সকল উপ-কমিটি সভা আয়োজন পূর্বক অর্পিত নির্ধারিত দায়িত্ব পালনের বিষয়ে কার্যক্রম গ্রহণ করবেন। সকল উপ-কমিটি স্ব স্ব বাজেট প্রস্তাবনা অর্থ উপ-কমিটির নিকট পেশ করবেন।

২৭.৭.২৩

(সাহান আরা বানু, এনডিসি)
মহাপরিচালক (গ্রেড-১)